

## সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৭৬

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৪৬. রাসূলুল্লাহ (ﷺ) হতে (হাদীস) প্রচার ও সুন্নাত শিক্ষা দান

### بَابُ الْبَلَاغِ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَتَعْلِيمِ السُّنَنِ

আরবী

أَخْبَرَنَا يَعْلَى حَدَّثَنَا مُحَمَّدٌ هُوَ ابْنُ إِسْحَقَ عَنْ مُوسَى بْنِ يَسَارٍ عَمِّهِ قَالَ بَلَّغَنِي أَنَّ سَلْمَانَ  
كَتَبَ إِلَى أَبِي الدَّرْدَاءِ إِنَّ الْعِلْمَ كَالْيَنَابِيعِ يَغْشَاهُنَّ النَّاسُ فَيَخْتَلِجُهُ هَذَا وَهَذَا فَيَنْفَعُ اللَّهُ بِهِ  
غَيْرَ وَاحِدٍ وَإِنَّ حِكْمَةً لَا يَتَكَلَّمُ بِهَا كَجَسَدٍ لَا رُوحَ فِيهِ وَإِنَّ عِلْمًا لَا يُخْرَجُ كَكَنْزٍ لَا يُنْفَقُ  
مِنْهُ وَإِنَّمَا مَثَلُ الْعَالِمِ كَمَثَلِ رَجُلٍ حَمَلَ سِرَاجًا فِي طَرِيقٍ مُظْلِمٍ يَسْتَضِيءُ بِهِ مَنْ مَرَّ بِهِ  
وَكُلٌّ يَدْعُو لَهُ بِالْخَيْرِ

إسناده ضعيف ابن إسحاق قد عنعن وهو مدلس

বাংলা

৫৭৬. মুসা ইবনু ইয়াছার হতে বর্ণিত, তিনি বলেন: আমার নিকট এ খবর পৌঁছেছে যে, সালমান রাদিয়াল্লাহু আনহু আবু দারদা'আ রাদিয়াল্লাহু আনহু'র নিকট লিখে পাঠিয়েছিলেন যে, ইলম কুপসমূহের ন্যায়, যেগুলো মানুষ ঢেকে রাখে। এরপর তা তাকে এই এইভাবে আন্দোলিত/অভিভূত করে। ফলে আল্লাহ তা'আলা এর মাধ্যমে অনেক লোককে উপকৃত করেন। আর যে হিকমাত (জ্ঞানের কথা) আলাপ-আলোচনা করা হয় না, তা প্রাণহীন দেহের মতো। যে ইলম বর্ণনা করা হয় না, তা সেই ধনভাণ্ডারের মতো যা থেকে ব্যয় করা হয় না। আলিমের উপমা হচ্ছে অন্ধকার পথে একজন আলোকবর্তিকাবাহী লোকের মতো, যে ব্যক্তিই তাকে অতিক্রম করে, সেই তার আলো পায়। আর প্রত্যেকেই তার জন্য কল্যাণের দু'আ করে।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ যয়ীফ; ইবনু ইসহাক 'আন 'আন পদ্ধতিতে বর্ণনা করেছেন, আর তিনি মুদাল্লিস। আবার এতে মুসা ইবনু ইয়াসার ও সালমান রা: এর মাঝে ইনিকিতা'ও রয়েছে। আল্লাহই ভাল জানেন।

তাখরীজ: ইবনু আবী শাইবা, ১৩/৩৩৪-৩৩৪ নং ১৬৫১৫ বিচ্ছিন্ন সনদে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ মুসা ইবনু ইয়াসার (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=75952>

🔗 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন